
# আঞ্চলিক সহযোগিতা অব্যাহত রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবিঃ সংগৃহীত

বাংলাদেশ আঞ্চলিক সহযোগিতা ও পারস্পরিক সম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন বিএনপি মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (২৪ জুলাই) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত এক সেমিনারে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, বিশ্বজুড়ে গণতন্ত্র বর্তমানে নানা ধরনের চ্যালেঞ্জের মুখে পড়েছে। তবে বাংলাদেশ সবসময় গণতান্ত্রিক মূল্যবোধে বিশ্বাস করে এবং বর্তমান সরকার জনগণের কাছে জবাবদিহিতে বিশ্বাসী।

LENS ASIA

তিনি আরও বলেন, বিশ্বের বিভিন্ন প্রান্তে চলমান যুদ্ধ ও সংঘাতের কারণে আন্তর্জাতিক রাজনীতি ও অর্থনীতিতে অস্থিরতা বিরাজ করছে। এমন পরিস্থিতিতে বাংলাদেশের জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিশ্বের সব দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে চায় সরকার।

বাংলাদেশ আঞ্চলিক সহযোগিতা জোরদার ও তা অব্যাহত রাখার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ বলেও উল্লেখ করেন বিএনপি মহাসচিব।